

তারিখ ... ০৮ NOV 2017  
পৃষ্ঠা ২ ... কলাম ১ ...

## ফেসবুকে জেএসসির প্রশ়্ণপত্র ফাঁসের অভিযোগ

### ■ ইত্তেফাক রিপোর্ট

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে চলমান জেএসসি পরীক্ষার প্রশ়্ণপত্র ফাঁসের অভিযোগ উঠেছে। বিভিন্ন গ্রুপে পোস্ট করে ঢাকা বোর্ডের প্রশ়্ণপত্র ফাঁস করা হচ্ছে বলে অভিযোগ করেছেন শিক্ষার্থীদের অভিভাবকরা। তারা জানান, ফেসবুকের এসব পোস্ট বলা হচ্ছে যাদের প্রশ়্ণপত্র লাগবে তারা ইনবক্স করতে পারেন। ৪'শ টাকার বিনিময়ে, মেসেজের বা ই-মেইলের মাধ্যমে প্রশ়্ণপত্র প্রেরণ করা হবে।

একাধিক অভিভাবক বলেন, গত সোমবার অনুষ্ঠিত হয় ইংরেজি হিতীয় পত্রের পরীক্ষা। ওই পরীক্ষা শুরুর ৫৫ মিনিট আগে প্রশ়্ণপত্র পাওয়া যায়। একটি ফেইসবুক মেসেজের গ্রুপে। ফেসবুকে যোগাযোগ করে ইংরেজি হিতীয় পত্রের পর ইসলাম ও নৈতিক শিক্ষার প্রশ়্ণপত্রও পাওয়া গেছে। গতকাল মঙ্গলবার পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে একই মেসেজের গ্রুপে ওই দুটি বিষয়ের প্রশ্নও পাওয়া যায়। এবং যা প্রয়ের সাথে মিলে যায়। গতকাল সন্ধ্যার পরও ফেইসবুক মেসেজের গ্রুপটি সক্রিয় দেখা যায়। তাতে আজ(বৃথবার) অনুষ্ঠিয় তথ্য<sup>১</sup> ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের প্রশ়্ণপত্র ফাঁসের ঘোষণাও পৃষ্ঠা ১৯ কলাম ৩

## ফেসবুকে জেএসসির

প্রথম পৃষ্ঠার পর  
দেওয়া হচ্ছিল বলে অভিযোগ অভিভাবকদের।  
এ বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার জানান, আমি একে প্রশ্ন ফৌস বলতে  
পারি না, আমাদের কাছে তো এখনও কোনো প্রমাণ নেই। ফাঁসের কোনো নমুনা  
তো দেখছি না।